

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি আপনি ও আপনার প্রিয়জন নিরাপদ ও সুস্থ আছেন।

আজ সকালে, এই বুধবার, 7 অক্টোবর থেকে আপনার সন্তানের স্কুল বন্ধ এবং পুরোপুরি দূর থেকে (রিমোট) শিক্ষণ ও শিক্ষা গ্রহণে স্থানান্তরের পরিকল্পনা সম্পর্কে লিখেছিলাম। এর কারণ হচ্ছে ব্রুকলিন ও কুইন্সের যে নয়টি জিপ কোডে COVID-19 সংক্রমণের হার বৃদ্ধি পেয়েছে সেগুলোর একটিতে আপনার সন্তানের স্কুল অবস্থিত।

এই বিকেলে, নিউ ইয়র্ক স্টেট এই জিপ কোডগুলোর স্কুল বিল্ডিংগুলোকে আগামীকাল, মঙ্গলবার 6 অক্টোবর থেকে বন্ধ ঘোষণা করেছে। **এর অর্থ হচ্ছে যে মঙ্গলবার, 6 অক্টোবর থেকে শুরু করে, আপনার সন্তান প্রাথমিক দুই সপ্তাহের জন্য পুরোপুরি দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে।** পরবর্তী পদক্ষেপগুলো সহ, খুব শীঘ্রই আপনার সন্তানের স্কুলের নেতৃবৃন্দ ও শিক্ষকদের কাছ থেকে আপনি অবহিত হবেন।

আমাদের কমিউনিটিগুলোতে কোরোনাভাইরাস সংক্রমণ রোধ নিশ্চিত করতে সিটি এই পদক্ষেপগুলো গ্রহণ করছে। যখন সংক্রমণের হার 3% - এর নিচে নেমে আসবে, তখন আপনার সন্তানের স্কুল পুনরায় খুলতে পারে—সবচেয়ে কাছাকাছি সময় হচ্ছে বুধবার, 21 অক্টোবর। যদি এই জিপ কোডগুলোতে সংক্রমণের হার 3% বজায় থাকে, তাহলে মেয়র স্কুল বিল্ডিংগুলো বন্ধ রাখার এবং দীর্ঘ সময়ের জন্য অন্যান্য সাবধানতা অবলম্বন করার প্রস্তাব দিচ্ছেন। আমরা পুনরায় খোলা সহ—বিল্ডিং বন্ধ সম্পর্কে সংশ্লিষ্ট সকল গুরুত্বপূর্ণ তথ্য আমরা আপনাকে আগে থেকেই অবহিত করবো।

এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে এই জিপ কোডের স্কুলগুলোতে সংক্রমণ বৃদ্ধির কোনো প্রমাণ পাওয়া যায়নি, এমনকি এই এলাকা বা নেইবারহুডগুলোতে সংক্রমণের উচ্চ হার স্কুল ভবনগুলো খোলার কারণে হয়েছে এমন কোনো ইঙ্গিতও বহন করে না। এই সুনির্দিষ্ট জিপ কোডগুলোতে সংক্রমণ হ্রাসে সহায়তার জন্য স্কুল ভবনগুলো বন্ধ করা অনেকগুলো পদক্ষেপের একটি।

নয়টি জিপ কোড, যেখানে সামগ্রিকভাবে প্রায় 100-টি DOE-এর স্কুল অবস্থিত, সেই জিপ কোডগুলো হচ্ছে:

এলাকা বা নেইবারহুড	জিপ
এজমিয়্যার (Edgemere)/ফার রকওয়ে (Far Rockaway)	11691
বরো পার্ক (Borough Park)	11219
গ্রেইভসেন্ড (Gravesend)/হোমক্রেস্ট (Homecrest)	11223
মিডউড (Midwood)	11230
বেনসনহাস্ট (Bensonhurst)/মেপলটন (Mapleton)	11204
ফ্ল্যাটল্যান্ড (Flatlands)/মিডউড (Midwood)	11210
গেরিটসেন বিচ (Gerritsen Beach)/হোমক্রেস্ট (Homecrest)/শিপশেড বে (Sheepshead Bay)	11229
কিউ গার্ডেনস্ (Kew Gardens)	11415
কিউ গার্ডেনস্ হিলস্ (Kew Gardens Hills)/পমোনোক (Pommonok)	11367



Department of  
Education

Chancellor Richard A. Carranza

বরাবরের মতই, এই উত্তরণের সময় আপনার শিক্ষার্থী ও আপনার স্কুলকে সহায়তা দিতে আমরা প্রস্তুত আছি। শিক্ষকগণ যেন গতিশীলতা ও কার্যকরভাবে দূর থেকে শিক্ষাদান করতে পারেন সেজন্য আমরা সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করবো। আমরা আপনার সন্তানের শিক্ষাগত শ্রেষ্ঠত্ব অর্জনে অঙ্গীকারবদ্ধ—তারা যেখান থেকেই শিক্ষা গ্রহণ করুক না কেন।

মেয়র এবং আমি আপনার পরিবার, এবং আপনার স্কুল কমিউনিটির সকলের স্বাস্থ্য ও নিরাপত্তা আমাদের সর্বোচ্চ প্রাধান্য হিসেবে বিবেচনা করি, এবং আমরা সেটা সর্বাগ্রে রাখার অঙ্গীকার করেছি। আমি জানি একসাথে কাজ করার মাধ্যমে, আমরা COVID-19 অব্যাহতভাবে রোধ করতে পারি।

আমরা যেখানেই থাকিনা কেন, এই ভাইরাসের সংক্রমণ রোধে এই পদক্ষেপগুলো অব্যাহতভাবে গ্রহণ করা, আমাদের সকলের দায়িত্ব। স্মরণ রাখবেন - "মুখ্য চার": আপনার হাত ধোনা, একটি নাক-মুখের মুখোশ পরিধান করুন, অন্যদের থেকে ছয় ফিট দূরত্ব বজায় রাখুন, এবং অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো আমরা সকলেই প্রতিদিন গ্রহণ করতে পারি।

দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) এই স্থানান্তর সম্পর্কে আমরা অব্যাহতভাবে তথ্য শেয়ার করে যাবো। যেটাই হোক না কেন, এই গণস্বাস্থ্য সঙ্কটের অব্যাহত পরিবর্তনের পথে, আমরা অব্যাহতভাবে আপনাকে ও DOE-এর পরিবারদের সকলকে দ্ব্যর্থহীনভাবে সহায়তাও প্রদান করে যাব। কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করতে অনুগ্রহ করে দ্বিধা করবেন না।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন